

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৭১১

আগরতলা, ২০ মার্চ, ২০২৬

এনসিএস পোর্টালের স্বাক্ষরবিহীন রেজিস্ট্রেশন কার্ডই এখন
থেকে চাকুরি প্রার্থীদের বৈধ রেজিস্ট্রেশন কার্ড হিসেবে গণ্য হবে

চাকুরি প্রার্থীদের নিবন্ধন প্রক্রিয়া বর্তমানে সম্পূর্ণরূপে ন্যাশনাল কেরিয়ার সার্ভিস (এনসিএস) পোর্টাল (www.ncs.gov.in) এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। উক্ত পোর্টাল থেকে স্বয়ংক্রিয়ভাবে উৎপন্ন স্বাক্ষরবিহীন রেজিস্ট্রেশন কার্ডই এখন থেকে চাকুরি প্রার্থীদের বৈধ রেজিস্ট্রেশন কার্ড হিসেবে গণ্য হবে। ডাইরেক্টরেট অব এমপ্লয়মেন্ট সার্ভিসেস এন্ড ম্যানপাওয়ার প্ল্যানিং থেকে আজ এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিজনেস রিফর্ম অ্যাকশন প্ল্যান এর অধীনে কন্টাক্টলেস সার্ভিস প্রদানের লক্ষ্যে চাকুরি প্রার্থীদের এখন থেকে ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, বিশেষভাবে সক্ষমদের স্পেশাল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বা এসডিএম অফিসে অবস্থিত এমপ্লয়মেন্ট ইনফরমেশন এন্ড অ্যাসিস্ট্যান্স ব্যুরোতে গিয়ে এনসিএস কার্ডে স্বাক্ষর বা অনুমোদন গ্রহণের প্রয়োজন নেই। এনসিএস রেজিস্ট্রেশন কার্ডের উপর সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকের দ্বারা স্বাক্ষর বা অনুমোদনের নিয়ম এখন থেকে বন্ধ করা হয়েছে। এই সিদ্ধান্তের ফলে চাকুরি প্রার্থীরা সহজে, দ্রুত এবং সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে পরিষেবা গ্রহণ করতে পারবেন এবং নিজেদের রেজিস্ট্রেশন নিজেরাই করতে পারবেন।
